



হবু বিদ্যাসাগর

এ. মান্নাফ

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

ডাক্তার ইনজিনিয়ার হবার স্বপ্ন দেখিনি। M.L.A, M.P হতে চাইনি। উকিল, ব্যারিস্টার হবার কথাও ভাবিনি।
আমি বিদ্যাসাগর হতে চেয়েছিলাম।

একদিন একটা স্টেশনে বিদ্যাসাগর নামতেই, একটা ছেলে সামনে এসে বলল --- বাবু একটা পয়সা দেন...

---পায়ে তালতলায় চটি আর হাঁটু অবধি ধুতি পরা বিদ্যাসাগর বললেন--- এক পয়সা নিয়ে কি করবি?

---মুড়ি খাবো।

---যদি তোকে দু'পয়সা দি....

---এক পয়সার মুড়ি খাবো, আর এক পয়সায় পেয়ারা কিনে বিক্রি করবো।

---বিদ্যাসাগর ছেলেটিকে একটাকা দিয়েছিলেন।

কিছুদিন পর --- বিদ্যাসাগর ঐ স্টেশনে নামতেই, ছেলেটি ছুটে এসে বিদ্যাসাগরকে ---একটা ফলের দোকানে এনে বসালো।

---বিদ্যাসাগর জানতে চাইলেন --- এ দোকানটি কার ?

---ছেলেটি বলল-- আমার। আপনি একদিন ফলের কারবার করার জন্যে একটা টাকা দিয়েছিলেন। গল্পটি সকলের জানা, তবু বললাম কারণ --- আমি নিজেও একবার বিদ্যাসাগর হতে চেয়েছিলাম।

একদিন দুপুরে বাজার থেকে ঘরে ফেরার পথে এক শীর্ণকায়া মহিলা একটা ছোট ছেলের হাত ধরে আমার সামনে দাঁড়িয়ে বলল--- একটা টাকা দেন বাবা ?

---বিদ্যাসাগরের মতই জিজ্ঞাসা করলাম-- এক টাকা দিলে কি করবে?

---ছেলেকে মুড়ি কিনে দেবো....

---যদি, দুটাকা দি...

---তাহলে --- মা, ছেলেতে দুইজনেই মুড়ি কিনে খাবো।

---দশটাকার একটা নোট বের করে মহিলার হাতে দিয়ে--- বললাম এই দুপুর বেলায় আর মুড়ি খেতে হবে না। দুইজনেই ভাত খাও গে....

---মেয়েটি হাত বাড়িয়ে টাকাটা নিয়ে, ছেলের হাত ধরে যেতে যেতে ক্ষুব্ধস্বরে ঘাড় ঘুরিয়ে বলল---তুমি কেমন মানুষ গে, একনকার দিনে দশটাকাতে কি দু'জনের ভাত খাওয়া হয়... ?

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

